



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

২২ নভেম্বর ২০২২

তারিখ : -----

৭ অগ্রহায়ণ ১৪২৯

সিজিডি সার্কুলার লেটার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে ২৫,০০০ (পাঁচিশ হাজার)
কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১০ আগস্ট ২০২২ তারিখে জারিকৃত সিজিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১৯ জুলাই ২০২২ এর মাধ্যমে প্রবর্তিত ২৫,০০০ (পাঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় প্রদেয় মেয়াদী খণ্ডের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের লক্ষ্যে সিজিডি সার্কুলার নং-০২, তারিখ: ১০ আগস্ট ২০২২ এর মাধ্যমে এ সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

৩। সম্প্রতি এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ: ৮ নভেম্বর ২০২২ এর মাধ্যমে উৎপাদন, সেবা ও ব্যবসা (Trading) খাতে প্রদত্ত/প্রদেয় মেয়াদী খণ্ডের পাশাপাশি চলতি মূলধন খণ্ডও পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, উক্ত পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মোট খণ্ডের ন্যূনতম ৬৫(পাঁয়ষষ্ঠি) শতাংশ উৎপাদন ও সেবা খাতে এবং সর্বোচ্চ ৩৫(পাঁয়ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করা যাবে মর্মে উক্ত সার্কুলার লেটারে নির্দেশনা প্রদান করা হয়। তবে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫-এ সিএমএসএমই উদ্যোগের শুধুমাত্র উৎপাদনশীল ও সেবা খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য খণ্ডসীমা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। ফলে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করার আবশ্যকতা দেখা দিয়েছে।

৪। এক্ষণে, চলমান অর্থনৈতিক পরিস্থিতি এবং ব্যবসা খাতে খণ্ডের প্রয়োজনীয়তা বিবেচনায় সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় মেয়াদী খণ্ডের পাশাপাশি চলতি মূলধন খণ্ড এবং ব্যবসা খাতে প্রদত্ত/প্রদেয় খণ্ডের বিপরীতেও ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫ নিম্নরূপভাবে প্রতিষ্ঠাপন করা হলোঁ:

“৪.৫। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য খণ্ডসীমা: বর্ণিত সুবিধা প্রাপ্তির জন্য সিএমএসএমই উদ্যোগ খাতে গ্রাহক পর্যায়ে প্রযোজ্য খণ্ডসীমা নিম্নরূপ:

- (ক) কুটির ও মাইক্রো উদ্যোগের উৎপাদনশীল ও সেবা শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পাঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (খ) ক্ষুদ্র উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৩ (তিনি) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ২৫ (পাঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (গ) মাঝারি উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২ (দুই) কোটি টাকা ; এবং
- (ঘ) মাইক্রো উদ্যোগের ব্যবসা খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পাঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ২৫ (পাঁচিশ) লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোগের ব্যবসা খাতে সর্বনিম্ন ২৫ (পাঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা।”

৫। উল্লিখিত নির্দেশনা ব্যতীত সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলোঁ।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার হাওলাদার)

পরিচালক (সিজিডি)

ফোনঃ ৯৫৩০১৭৯